

রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

আগামী ৩০ জুন ২০২৫ তারিখ রোজ সোমবার বিকেল ৪:৩০ ঘটিকায় (সিটি হল এ্যানেক্স ভবন) অনুষ্ঠিত গঠিত কমিটির ৬ষ্ঠ সভার কার্যপত্রঃ

- (১) গত ২৪ মার্চ ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৫ম সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।
- ক) গত ০২-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সাধারণ সভার বিবিধ আলোচ্যসূচি (ঘ) এর সিদ্ধান্তে শহীদ জিয়া শিশু পার্কটির “পূর্ব প্রান্ত” কথাটির স্থলে “উত্তর প্রান্ত” শব্দটি প্রতিস্থাপনপূর্বক গত ০২ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ প্রস্তাব অনুমোদন।
- খ) গত ২৩-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভার সরকারী যে কোন কার্যক্রমে লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে সচেষ্ট হওয়ার প্রত্যয় ব্যক্ত করে সংশ্লিষ্টদের ধন্যবাদের বিষয়ে সিদ্ধান্ত অনুমোদন।
- গ) হাসপাতালে জরুরী প্রয়োজন বিবেচিত হলে প্রয়োজনীয় চাহিদা ভান্ডার শাখায় দিয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ঘ) শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির গত ২৩-০১-২০২৫ তারিখে সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ৩ এর প্রস্তাবিত সুপারভাইজার পদ সৃজন সংক্রান্ত সুপারিশ অগ্রহণযোগ্য মর্মে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ঙ) ঈদ-উল-ফিতর উপলক্ষে পরিচ্ছন্ন বিভাগের ১৪১৫ (এক হাজার চারশত পনেরো) জন কর্মী এবং পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত ২০ (বিশ) জন ট্রাক ড্রাইভারসহ সর্বমোট ১৪৩৫ (এক হাজার চারশত পয়ত্রিশ) জন কর্মীকে ১০০০.০০ (এক হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য কোন বিভাগ এর কর্মচারীদের জন্য এ অনুদান সুবিধা প্রযোজ্য হবে না মর্মে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- চ) রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন এর ১,২,৩ ও ৪ নং গেটের পার্টিশন গ্লাস, জানালা ও সুইং দরজার গ্লাস রিপায়ারিং ও নতুন গ্লাস স্থাপনে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কাজটি সম্পাদন করার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ছ) তারুণ্যের উৎসব উদযাপনে সরকার কর্তৃক নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় উৎসবটি স্থগিত রাখার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- জ) আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায়ের মেয়াদ শেষ হলে প্রকল্পের জনবল রাজশাহী সিটি কর্পোরেশনে অর্ন্তভুক্ত করণে আর্থিক সীমাবদ্ধতা থাকায় মন্ত্রণালয় কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ঝ) আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট-২য় পর্যায়ের কার্যক্রমে সিটি কর্পোরেশনে কর্মরত জনস্বাস্থ্য বিভাগের স্থায়ী/দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদ্বারা কিভাবে পরিচালিত করা যায় সে বিষয়ে একটি প্রস্তাবনা তুলে ধরার জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা উপস্থাপন করবেন মর্মে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ঞ) নাগরিক সেবা সুনিশ্চিতকরণে ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরীভিত্তিক ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর ও এম এল এস এস এর কাজের পরিধি বিবেচনায় পূর্ণ মাসের মজুরি প্রদানের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ট) নিউমার্কেটে সবজি বাজারে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ১৭ (সতেরো) জন ব্যবসায়িকে তাদের অনুকূলে আর্থিক সহায়তা হিসেবে $(২৫,০০০.০০ \times ১৭ \text{ জন}) = ৪,২৫,০০০.০০$ (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা অনুদান প্রদানের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ঠ) পৌরকর আদায়, বাজারে দোকান ভাড়া আদায় ও ট্রেড লাইসেন্স ফি আদায় এ তিনটি খাতে বকেয়া উপর এপ্রিল ২০২৫ মাসের জন্য সারচার্জ মওকুফ রাখার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ড) রাজশাহী সিটি কর্পোরেশনের বিদ্যুৎ বিভাগ, নেসকো ও ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স সমন্বয়ে পদক্ষেপ গ্রহণের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।
- ড) রাজশাহী সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট পদগুলো প্রেষণে উপযুক্ত সরকারী কর্মকর্তা দ্বারা পূরণের জন্য স্থানীয় সরকার বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

- ২। রাজশাহী কেন্দ্রীয় উদ্যান জামে মসজিদ নির্মাণে প্রাক্কলিত ব্যয় ১.৫০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নিজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৩। টি গোয়েন পাবলিক প্লেসে টয়লেট নির্মাণে প্রাক্কলিত ব্যয় ৩৫,০০০.০০ (পয়ত্রিশ লক্ষ) টাকা নিজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৪। বোয়ালিয়া ক্লাবের সম্মুখভাগে ফাঁকা জায়গায় জেলা প্রশাসক হতে প্রাপ্ত চাহিদায় রাজশাহী ইনডোর স্টেডিয়ামের প্রাক্কলিত ব্যয় ১,০০,০০,০০০.০০ (এক কোটি) টাকা নিজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৫। প্রকৌশল বিভাগের আওতাধীন রাজস্ব ও উন্নয়ন বাজেটে আগামী ২০২৫-২০২৬ অর্থবছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৬। বিশেষ বরাদ্দ গৃহীত স্কীম সমূহ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৭। দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের (শ্রমিক) মজুরী বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৮। দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের কর্মকালীন মৃত্যুবরণে এককালীন অনুদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৯। কোরবানির বর্জ্য অপসারণে নিয়োজিত কঞ্জারভেন্সী, পরিবহন ও প্রশাসনিক শাখার কর্মচারীদের বকেয়া (অনুদান) প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ১০। বিবিধ।